



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

তারিখঃ ১৭-০৩-২০২০

প্রেস বিজ্ঞপ্তি

জাতির পিতার জন্মশত বার্ষিকী উদযাপন পাবিপ্রবিতে

(১৭-০৩-২০২০)ঃ যথাযোগ্য মর্যাদা ও উৎসবমুখর পরিবেশে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন করেছে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বাঙালির মুক্তির মহানায়ককে শ্রদ্ধা ও ভালোবাসায় স্মরণ করেছে পাবিপ্রবি পরিবার। সরকারি নির্দেশনা অনুযায়ী কর্মসূচি সীমিত করা হলেও ক্যাম্পাস ছিল আনন্দময়।



(১৭/০৩/২০২০) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবর্ষে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শ্রদ্ধাঞ্জলি অর্পণ।

সকালে প্রশাসন ভবনের সামনে থেকে আনন্দ শোভাযাত্রা বের হয়। শোভাযাত্রা ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে বঙ্গবন্ধু হলে গিয়ে শেষ হয়। সেখানে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মুরালে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ফুল দিয়ে শ্রদ্ধা জানান উপাচার্য প্রফেসর ড. এম. রোস্তুম আলী, উপ-উপাচার্য প্রফেসর ড. মোঃ আনোয়ারুল ইসলাম, কোষাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ আনোয়ার খসরু পারভেজ ও রেজিস্ট্রার বিজন কুমার ব্রক্ষ।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

এছাড়া আরো শ্রদ্ধা জানান বঙ্গবন্ধু পরিষদ, শিক্ষক সমিতি, কর্মকর্তা পরিষদ, কর্মচারী পরিষদ, বঙ্গবন্ধু হল প্রশাসন, শেখ হাসিনা হল প্রশাসন, প্রক্টর অফিস, ছাত্র উপদেষ্টা দপ্তর, বিভিন্ন ডিন অফিসসহ বিভাগসমূহ। শ্রদ্ধা নিবেদন শেষে মোনাজাত করা হয়। এছাড়া কেন্দ্রীয় মসজিদে বাদ যোহর মিলাদ মাহফিলের আয়োজন করা হয়। এতে শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন। এছাড়া ক্যাম্পাসে আলোকসজ্জা করা হয়।

বার্তা প্রেরক

১৭/০৩/২০২০

(মোঃ ফারুক হোসেন চৌধুরী)

উপ-পরিচালক, জনসংযোগ দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।